

পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।


পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার জামে মসজিদ পরিদর্শন প্রতিবেদন।

অদ্য ২৬/৫/২০১৯ তারিখ দুপুর ১২-৩০ মিনিটে নৈতিকতা কমিটির সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার জামে মসজিদ পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রধান সহকারী জনাব মোঃ আব্দুল খালেক সরকার উপস্থিত ছিলেন। পরিদর্শন অন্তে নিম্নলিখিত পর্যবেক্ষণ প্রদান করা হলোঃ

- ১। শাখার হাজিরা খাতা পরীক্ষা করে সঠিকভাবে হাজিরা পাওয়া গেল।
- ২। মসজিদ প্রাঙ্গণ এবং মসজিদের অভ্যন্তরীণ পরিচ্ছন্নতা সন্তোষজনক।
- ৩। শাখায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা তিনজন, একজন ইমাম, একজন মুয়াজ্জিন ও একজন পরিচ্ছন্নতা কর্মী। তিনজনকেই উপস্থিত পাওয়া গেল। এছাড়া যোহরের নামাজ পড়ার উদ্দেশ্যে আগত কয়েকজন মুসল্লিকেও উপস্থিত পাওয়া গেল।
- ৪। পবিত্র রমজান উপলক্ষ্যে মসজিদে নতুন কিছু বিছানা ও পাপোষ বিছানা হয়েছে এবং পানির লাইনে ও সৌচাগারে সংস্কার কাজ করা হয়েছে যা বিশেষভাবে লক্ষ্যণীয়। তাছাড়া যে সকল মুসল্লি এতেকাফের লক্ষ্যে মসজিদে অবস্থান করবেন তাদের জন্য কাপড় দিয়ে স্থান চিহ্নিতকরণসহ সুব্যবস্থা করা হয়েছে।

পরামর্শঃ

- ১। বর্তমান কাজের গতিশীলতা বজায় রাখা ও নামাজের জন্য আগত মুসল্লিদের অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে বিশেষ করে সৌচাগার ব্যবহার ব্যবস্থাপনায় ইনোভেশন কর্মকান্ড জোরদার করতে হবে।
- ২। সৌন্দর্য বৃদ্ধির জন্য মসজিদের সামনে ফুল ও বাহারী গাছের বাগান সৃজন এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার লক্ষ্যে উত্তর ও দক্ষিণ পার্শ্বে দুইটি ডাস্টবিন রাখার পরামর্শ প্রদান করা হলো।


(মোঃ রফিকুল ইসলাম)
প্রশাসনিক কর্মকর্তা
পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।

মোঃ রফিকুল ইসলাম
প্রশাসনিক কর্মকর্তা
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।